ঘ) 'সুকুমার রায়ের কবিতাগুলি সবসময় শুধু আজগুবি ও উদ্ভট নয়, কখনো কখনো ব্যাঙ্গাত্মক ও সমালোচনামূলকও' —পঠিত কোনো কবিতার আলোকে মন্তব্যটি বিচার করো।

ঙ) 'পদিপিসির বর্মিবাক্স' গল্পে পদিপিসির ব্যক্তিত্বের যে চিত্র ফুটে উঠেছে তার পরিচয় দাও।

চ) ভৌতিক বিশ্বাসকে কাজে লাগিয়ে কীভাবে 'ব্যোমকেশ ও বরদা' গল্পের রহস্যকে ঘনিয়ে তোলা হয়েছে তা সংক্ষেপে লেখো।

৩। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

ক) 'শিয়াল পণ্ডিত' গল্পটির কথা বস্তুর পরিচয় দিয়ে এটিকে লোককথার কোন্ শ্রেণিতে অন্তর্ভুক্ত করা যায় সে বিষয়ে তোমার অভিমত ব্যক্ত করো।

খ) 'ভেবে দেখুন, আমি যদি কোকেনের ব্যবসা করি আর আপনি যদি দৈবাৎ সে কথা জানতে পেরে যান, তাহলে আপনাকে বাঁচতে দেওয়া আমার পক্ষে আর নিরাপদ হবে কি?' —অনুকূলবাবুর এই উক্তিই 'সত্যান্বেষী'-র আখ্যানের পূর্ব সংকেত-আলোচনা করো।

গ) 'ইন্দ্র হওয়ার সুখ' রচনায় উপেন্দ্রকিশোর সুখ নয়, ইন্দ্র হওয়ার বেদনার কথাই বেশি করে বলেছেন— তিনটি প্রসঙ্গ উল্লেখের মধ্য দিয়ে মন্তব্যটি বিচার করো।

ঘ) কে কী কারণে স্বর্গ থেকে মর্ত্যে গঙ্গাকে এনেছিলেন? এই দুরূহ কাজ তিনি কীভাবে সম্পন্ন করেছিলেন তা সবিস্তারে লেখো।

——————





# ২০২৫

# বাংলা

## (সাম্মানিক)

**ডিসিপ্লিন স্পেশিফিক ইলেকটিভ (DSE)**

**(সি বি সি এস পদ্ধতি অনুযায়ী পুরাতন পাঠক্রম)**

**ষষ্ঠ সেমেস্টার**

**কোর্স কোড : BENG-H-DSE-T-3**

**(বাংলা রূপকথা, শিশুকিশোর ও গোয়েন্দা সাহিত্য)**

**[পুরাতন পাঠক্রম]**

পূর্ণমান : ৬০ সময় : ২.৩০ ঘন্টা

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যা প্রশ্নমান নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় হওয়া বাঞ্ছনীয়।

১। যে-কোনো **দশটি** প্রশ্নের উত্তর দাও : ২×১০=২০

ক) পদিপিসির বর্মি বাক্স কী দিয়ে তৈরি? বাক্সটির রঙ কী ছিল? বাক্সের উপর কীসের নক্সা আঁকা ছিল?

খ) 'খোক্কসে যদি নাম জিজ্ঞাসা করে তো, আমার নাম আগে বলিও, তোমার নাম যেন আগে বলিও না।'— কে কাকে বলেছিল এ কথা? তার নাম আগে বলতে বলার কারণ কী?

গ) 'রাজা আপনার কোমরে, ছোটরাণীর কোমরে এক সোনার শিকল বাঁধিয়া দিয়া বলিলেন,...' —কোন্ গল্পের রাজা? কী বলেছিলেন তিনি?

(পরের পাতায়)

ঘ) 'আপনার সৃষ্ট কোনো বস্তু বা জীব আমাকে বধ করিতে পারিবে না, এই বর আমাকে দিন' —কার কাছে কে এই বর প্রার্থনা করেছিল? তার কোন্ তপস্যার বলে সে এমন বর লাভের অধিকারী হয়ে উঠেছিল?

ঙ) 'আমাদের বাসার উপর তলায় সর্বশুদ্ধ পাঁচটি ঘর ছিল, প্রত্যেকটিতে একজন করিয়া ভদ্রলোক থাকিতেন।' — উপর তলার যে কোনো একজন ভদ্রলোকের নাম, বাসস্থান, কর্মস্থল ও মাস-মাহিনার পরিমাণ উল্লেখ করো।

চ) "বক কহে কচ্ছপে বাহবা কি ফূর্তি!/..." পরের পঙক্তিটি লেখো।

ছ) 'খোকা কিছুক্ষণ আমার দিকে চেয়ে বলল, 'সিক্স অ্যান্ড সেভেন পয়েন্ট টু ফাইভ?''— খোকার নাম কী? সংখ্যাবাচক এই শব্দগুলির মধ্য দিয়ে সে কার কাছে কী জানতে চেয়েছিল?

জ) 'নো স্যার। আমার পাড়ায় এক ভদ্রলোক এয়েছেন, কাল পার্কে দেখা হল। এক বেঞ্চিতে বসে কথা বললুম প্রায় আধঘণ্টা। গ্রেট স্কলার।' —ভদ্রলোকটির নাম কী? কোন্ ইউনিভার্সিটির স্কলার তিনি?

ঝ) অশ্বমেধ যজ্ঞের ঘোড়া খুঁজতে গিয়ে অংশুমান মাটির নীচে চারদিকে চার হাতির দেখা পেয়েছিলেন— চারদিকের চার হাতির নাম উল্লেখ করো।

ঞ) 'বড়রাণীরা ছোটরাণীর মুখের কাছে রঙ্গ-ভঙ্গী করিয়া হাত নাড়িয়া, নথ নাড়িয়া বলিয়া উঠিল, —' — কার লেখা কোন্ গল্পের অংশ? কী বলেছিল বড়রাণীরা?



ট) 'আমেরিকার দু'জন বিখ্যাত প্রেসিডেন্ট খুন হয়েছিল জানিস তো?'— কোন্ দুই প্রেসিডেন্টের কথা বলা হয়েছে? খুনের স্থান-কালগত কোনো মিল ছিল কি?

ঠ) সুকুমার রায়ের 'আবোল তাবোল' সংকলনটি কবে প্রকাশিত হয়েছিল? পাঠ্য ছড়াগুলি বাদ দিয়ে আর দু'টি ছড়ার নাম লেখো।

ড) 'টিয়া মুখো গিরগিটি মনে ভারী শঙ্কা'— টিয়া মুখো গিরগিটি তৈরি হয়েছিল কীভাবে? কোন্ শঙ্কা জেগেছিল তার মনে?

ঢ) 'তিনি বোধহয় বাকি কথাটার মানে বুঝে ফেলে মেলোকর্ড নামক চাবিওয়ালা যন্ত্রটা নিতে এসেছিলেন, তাই না?' — 'সমাদ্দারের চাবি' গল্পের এই 'তিনি' কে? মেলোকর্ড নামক যন্ত্রটি কী ধরনের যন্ত্র?

ণ) রক্তমুখী নীলা' গল্পে কার নীলা হারিয়েছিল? হারিয়ে যাওয়া নীলা ফিরে পেতে তিনি কী পুরস্কার ঘোষণা করেছিলেন?

২। যে-কোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

ক) 'অতুল কীর্তি রাখল ভবে চণ্ডীদাসের খুড়ো'— খুড়োর অতুল কীর্তির পরিচয় দাও।

খ) 'ফেলুদা বলছিল এই ডক্টর ম্যাট্রিক্সের মতে মানুষের জীবনে সংখ্যা বা নম্বর জিনিসটা নাকি আশ্চর্য প্রভাব বিস্তার করে।' — আমেরিকার দুই প্রেসিডেন্টের জীবনে সংখ্যাতত্ত্ব কীভাবে কাজ করেছিল 'সমাদ্দারের চাবি' গল্প অবলম্বনে ব্যাখ্যা করো।

গ) 'বুকে আমার সিংহের সাহস'— পাঁচুমামার সাহসের যে নমুনা পদিপিসির বর্মিবাক্স আখ্যানে রয়েছে তা সংক্ষেপে বিবৃত করো।